ত্রৈমাসিক

টেলিযোগাযোগ তথ্য কণিকা

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০
www.btrc.gov.bd

বিটিআরসি কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) [প্রথমবর্ষ, চতুর্থ সংখ্যা]

পৃষ্ঠা-০৪
১৭তম বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম আয়োজন

পৃষ্ঠা-০৫
মেট্রোরেল উদ্বোধন উপলক্ষে মানসম্মত টেলিকম নেটওয়ার্ক নিশ্চিতকরণ

পৃষ্ঠা-০৩
সাইবার সচেতনতা বিষয়ক সেমিনার

পৃষ্ঠা-০৫
EMF Radiation এর মাত্রা পরিবীক্ষণ

অনুমোদনহীন, নকল ও রাজস্ব ফাঁকি দিয়ে আমদানি করা অবৈধ মোবাইলফোন হ্যান্ডসেট ও টেলিযোগাযোগ যন্ত্রপাতি সরবরাহ/বিক্রয় প্রতিহত করার লক্ষ্যে অভিযান পরিচালনা

বিটিআরসি'র অনুমোদনহীন, নকল ও রাজস্ব ফাঁকি দিয়ে আমদানি করা অবৈধ মোবাইলফোন হ্যান্ডসেট/ওয়াকি-টকি/জ্যামার/বুস্টার/রিপিটার সরবরাহ/বিক্রয় প্রতিহত করার লক্ষ্যে কমিশনের ইএন্ডআই ডিরেক্টরেট কর্তৃক গত তিন মাসে (অক্টোবর-ডিসেম্বর) সর্বমোট ০৬টি অভিযান পরিচালিত হয়।

অভিযানে, মোবাইলফোন হ্যান্ডসেট-২৭৩টি (একই সাথে ২৯৫ টি সিমবেইজ টেলিফোন সেট), ওয়াকি-টকি-০২টি, সেট টপ বক্স-০১ টি, এলএনবি ১২ টি ও আউটডোর এবং ইনডোর এন্টেনা- ৩টি জব্দ করা হয়।

মোবাইলফোনসহ অন্যান্য বেতার যন্ত্রপাতিসমূহের অবৈধ আমদানি, বাজারজাত, বিক্রয় ও বিতরণ বন্ধে বিটিআরসি পক্ষ থেকে অভিযান চলমান থাকবে।

অন-লাইন বেটিং সাইট বন্ধ

বিটিআরসি হতে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন অনলাইন সাইটের মাধ্যমে আর্থিক প্রতারণার সাথে সংশ্লিষ্ট অনলাইন ওয়েবসাইট, বেটিং বা জুয়া খেলা সংক্রান্ত ৩৬১ টি অনলাইন বেটিং বা জুয়া সংক্রান্ত ওয়েবসাইট বন্ধ করা হয়েছে। এ সংশ্লিষ্ট ১৫০টি গুগল অ্যাপস্ বন্ধের জন্য রিপোর্ট করা হয়েছে যার মধ্যে ১৪ টি অ্যাপস ইতোমধ্যে বন্ধ হয়েছে এবং অবশিষ্ট অ্যাপস বন্ধের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। একইসাথে ফেসবুক ও ইউটিউবের মাধ্যমে জুয়া খেলার ওয়েবসাইট ও গুগল অ্যাপসের প্রচার এবং অনলাইন জুয়া সংক্রান্ত টিউটোরিয়াল ভিডিও প্রচারকারী সংক্রান্ত ২৭ টি ফেসবুক লিংক এবং ৬৯ টি ইউটিউব লিংক বন্ধের জন্য রিপোর্ট করা হয়েছে। যার মধ্যে ১৭ টি ফেসবুক লিংক ও ১৭ টি ইউটিউব লিংক বন্ধ হয়েছে।

টেলিযোগাযোগ সেবা গ্রহীতাদের প্রাণবন্ত উপস্থিতিতে চট্টগ্রামে বিটিআরসি'র গণশুনানি অনুষ্ঠিত

বিদ্যমান সমস্যা সমাধানের উদ্যোগ নেওয়ার প্রতিশ্রুতি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০১০ এর ধারা ৮৭(১) অনুযায়ী যথাযথ নিয়ম পদ্ধতি অনুসরণ করে "টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম" শীর্ষক গণশুনানি ০৮ ডিসেম্বর ২০২২ তারিখে চট্টগ্রামস্থ রেডিসন ব্লু বে ভিউ হোটেলে এবং অনলাইন প্লাটফর্ম জুম এ অনুষ্ঠিত হয়। উক্ত গণশুনানিতে বিটিআরসি'র লাইসেন্সধারী বিভিন্ন টেলিযোগাযোগ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের দায়িত্বপ্রাপ্ত উচ্চ-পদস্থ কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে বিটিআরসির চেয়ারম্যান (সিনিয়র সচিব), কমিশনার এবং কমিশনের সংশ্লিষ্ট বিভাগসমূহের মহাপরিচালকগণ নিবন্ধিত অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর এবং কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে মতামত প্রদান করেন। (বিস্তারিত : পৃষ্ঠা-০৫)

টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম সম্পর্কিত
গণশুনানি ২০২২
তারিখ : ০৮ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ ।। রেডিসন ব্লু চট্টগ্রাম বে ভিউ
আয়োজনে : বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)
গণশুনানি ২০২২

বিটিআরসিতে দুর্যোগকালীন দূর্গত এলাকায় টেলিযোগাযোগ সেবা সচল রাখতে জাতীয় জরুরি টেলিযোগাযোগ সিস্টেম স্থাপন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

গত ০৫ ডিসেম্বর ২০২২ ইং তারিখে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে দুর্যোগকালীন দূর্গত এলাকায় টেলিযোগাযোগ সেবা সচল রাখতে জাতীয় জরুরি টেলিযোগাযোগ সিস্টেম স্থাপন National Emergency Telecommunication System (NETS) বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বিটিআরসির প্রধান সম্মেলন কক্ষে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব জনাব মো: খলিলুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিটিআরসির চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব কে এন ওয়াদুদ। (বিস্তারিত- পৃষ্ঠা ০৪ দেখুন)

দুর্যোগকালীন সময়ে টেলিযোগাযোগ সেবা প্রদানের জন্য জাতীয় কর্মশালা
National Emergency Telecommunication System (NETS)
প্রধান অতিথিঃ
জনাব মোস্তাফা জব্বার
বিশেষ অতিথিঃ
জনাব শ্যাম সুন্দর সিকদার
সভাপতিঃ
জনাব মোঃ খলিলুর রহমান

প্রধান উপদেষ্টার কথা

বৈশ্বিক প্রযুক্তির নানা উদ্ভাবনীতে চতুর্থ শিল্প বিপ্লব এর প্রস্তুতিসহ পৃথিবী এখন ধাবিত হচ্ছে পঞ্চম শিল্প বিপ্লবের দিকে। পরিবর্তিত প্রযুক্তির সাথে নিজেদের খাপ খাইয়ে নিতে বাংলাদেশের টেলিযোগাযোগ খাতে সংযোজিত হচ্ছে নব নব প্রযুক্তি। টেলিযোগাযোগ অবকাঠামো নির্মাণ ও প্রযুক্তিবান্ধব ব্যবসায়িক পরিবেশ নিশ্চিতের পাশাপাশি গ্রাহক স্বার্থ সুরক্ষায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে বিটিআরসি। বিগত সময়ের ধারাবাহিকতায় ২০২২ সালের চতুর্থ ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) এ বিটিআরসি কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি, কর্মসূচি, অর্জন, সফলতা এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্বলিত "ত্রৈমাসিক টেলিযোগাযোগ তথ্য কণিকা" প্রকাশ করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। টেলিযোগাযোগ খাতের মূল্যবান তথ্যসম্বলিত এই ত্রৈমাসিক পত্রিকাটির প্রকাশনায় যারা নিরলস পরিশ্রম করেছেন তাদেরকেসহ বিটিআরসির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদেরকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। একই সাথে আমি আশা করি, উন্নত ও আধুনিক টেলিযোগাযোগ সেবার ব্যবহার ও প্রসারে এবং সুলভে তা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে কমিশন আরো সচেষ্ট হবে। কমিশনের সকল কর্মকর্তা ও কর্মচারি সততা, দক্ষতা ও আন্তরিকতার সঙ্গে স্বজনপ্রীতি ও দূর্নীতির উর্ধ্বে থেকে স্বীয় দায়িত্ব পালন করবেন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখবেন।

শ্যাম সুন্দর সিকদার
চেয়ারম্যান (সিনিয়র সচিব), বিটিআরসি।

জয় বাংলা।

ত্রৈমাসিক

টেলিযোগাযোগ তথ্য কণিকা

সম্পাদকীয়

গ্রাহক স্বার্থেই বিটিআরসি'র সকল কার্যক্রম

দেশের জনগণের কাছে **"স্মার্ট বাংলাদেশ"** বিনির্মাণের যে অঙ্গীকার বর্তমান সরকার করেছে, তা বাস্তবায়নে কাজ করছে টেলিযোগাযোগ খাতের নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসি। কমিশনের প্রতিষ্ঠালগ্ন থেকে অদ্যাবধি দেশের টেলিকম পলিসির আওতায় বিটিআরসি খাতসংশ্লিষ্ট অনেক যুগোপযোগী পলিসি প্রণয়ন ও বাস্তবায়ন করেছে। সবার জন্য সাশ্রয়ী মূল্যে, মানসম্মত টেলিযোগাযোগ সেবা প্রদানে বিটিআরসি নিরলস কাজ করে আসছে।

তথ্যপ্রযুক্তি এবং টেলিযোগাযোগ সুবিধা সহজলভ্য হওয়ায় বর্তমানে দেশের মানুষের জীবনধারা হয়ে উঠেছে আরও সমৃদ্ধ, গতিশীল ও সহজতর। নতুন নতুন টেলিযোগাযোগ সেবা ও ব্যবস্থাদি প্রবর্তন, প্রয়োগ ও বাস্তবায়নের মধ্য দিয়ে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ তার নিজস্ব জায়গা তৈরি করে নিয়েছে।

> **গ্রাহকের জন্য নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা প্রদানে আওতাধীন প্রায় প্রতিটি ক্ষেত্রেই কার্যক্রম ত্বরান্বিত করছে কমিশন।**

দ্রুত সম্প্রসারণশীল বৈশ্বিক প্রযুক্তির এ যুগে বাংলাদেশ আজ প্রতিযোগিতা করছে সমানতলে। বিগত দুই দশকে আন্তর্জাতিক মানের প্রযুক্তির যে মহাসড়ক নির্মাণ হয়ে আসছে, এতে সামনে থেকে নেতৃত্ব দিচ্ছে বিটিআরসি।

গ্রাহকের জন্য নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা প্রদানে আওতাধীন প্রায় প্রতিটি ক্ষেত্রেই কার্যক্রম ত্বরান্বিত করছে কমিশন। সাইবার নিরাপত্তায় অনলাইন বেটিং সাইট বন্ধ করা এবং একই সাথে সাইবার দুনিয়ায় তরুণ প্রজন্মের নির্বিঘ্ন প্রচারণা ও সচেতনাতায় কর্মশালা আয়োজন, অবৈধ টেলিযোগাযোগ আমদানিও সরবরাহ রোধে অভিযান পরিচালনা, আন্তর্জাতিক টেক প্রতিষ্ঠানসমূহের সাথে নিবিড় যোগাযোগ, দুর্যোগকালীন জরুরি টেলিযোগাযোগ সেবা প্রদানে সিস্টেম স্থাপন, মানসম্মত সেবা প্রদানে কার্যক্রম গ্রহণ ও প্রশিক্ষণ, টেলিযোগাযোগ যন্ত্রপাতি থেকে নিঃসৃত রেডিয়েশন পর্যবেক্ষণ, তরঙ্গ প্রতিবন্ধকতা পরিমাপ ও তা নিরসনে কার্যক্রম গ্রহণ, বিভিন্ন প্রকার লাইসেন্স প্রদান ও সংশ্লিষ্ট আইনগত বিষয়ে প্রদক্ষেপ গ্রহণ, সরকারের পক্ষে রাজস্ব আহরণ ইত্যাদি কার্যক্রম বিগত ত্রৈমাসিকে বিটিআরসি'র উল্লেখযোগ্য কার্যক্রম।

এছাড়া কমিশন তাঁর কার্যক্রম সরাসরি জনগণের সামনে উপস্থানের জন্য সময় সময় গনশুনানি করে আসছে। এতে করে কমিশন ও গ্রাহকের মধ্যে যোগাযোগের ক্ষেত্র বৃদ্ধি পাচ্ছে।

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের পথে এগিয়ে চলছে বাংলাদেশ

আবু হেনা মোরশেদ জামান

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় ও দক্ষ নেতৃত্বে স্বল্পোন্নত দেশ থেকে উনয়নশীল দেশে পরিণত হবার যাত্রায় বাংলাদেশ ২০০৯ সালের ৫৯তম থেকে বর্তমানে বিশ্বের ৩৫ তম অর্থনীতিতে পরিণত হয়েছে। দেশের অগ্রগতি শুধুমাত্র সামষ্টিক অর্থনৈতিক সূচকের মধ্যেই সীমাবদ্ধ থাকেনি। সুশাসন, শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি, কর্মসংস্থান ও দক্ষতা, নারীর ক্ষমতায়ন, সামাজিক সুরক্ষা, ভৌত অবকাঠামো, পরিবহন নেটওয়ার্ক, সম্পদ ব্যবস্থাপনা, বিদ্যুৎ উৎপাদন, কৃষি ও খাদ্য নিরাপত্তা, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ সুরক্ষা, স্থানীয় উৎপাদন এবং ডিজিটাল প্রযুক্তিসহ দেশের প্রতিটি খাতে অভাবনীয় উন্নতি ঘটেছে। ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার স্বপ্নকে বাস্তবে রূপ দিতে 'ডিজিটাল বাংলাদেশ' উদ্যোগের অধীনে গৃহীত সরকারের পদক্ষেপগুলো উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে অন্যতম প্রধান চালিকাশক্তি হিসাবে কাজ করেছে। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং অধীনস্থ সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ আধুনিক অবকাঠামো ও সেবার উন্নয়নের পাশাপাশি সংশ্লিষ্ট খাতের সুশাসনকে নিশ্চিত করে 'ডিজিটাল বাংলাদেশ' অর্জনে অগ্রণী ভূমিকা পালন করেছে।

'ডিজিটাল বাংলাদেশ' এর ধারাবাহিকতায় গত ০৭ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত 'ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স' এর তৃতীয় সভায় ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি জ্ঞানভিত্তিক অর্থনীতি ও উদ্ভাবনী জাতি হিসাবে প্রতিষ্ঠার লক্ষ্যে 'স্মার্ট বাংলাদেশ' উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়। 'স্মার্ট বাংলাদেশ'-এর মূল ভিত্তি চারটি- স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি। স্মার্ট ইকোসিস্টেম সৃজনে ডিজিটাল গভর্নেন্স ও পাবলিক সার্ভিস; হোস্টিং, কানেক্টিভিটি, ও নিরাপত্তা; ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট ও অবকাঠামো; এবং শিক্ষা ও দক্ষতার উনয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। ২০৪১ সালের স্বপ্ন পূরণে ঐতিহ্যগত প্রাকৃতিক সম্পদ এবং পণ্য ভিত্তিক শ্রমঘন অর্থনীতির উপর নির্ভরশীলতার পরিবর্তে বৈশ্বিক জ্ঞানভিত্তিক উদ্ভাবনী অর্থনীতির সমান্তরালে চলার পরিবেশ সৃষ্টিই বর্তমানের প্রধান চ্যালেঞ্জ। 'ডিজিটাল বাংলাদেশ' এর ধারাবাহিকতায় 'স্মার্ট বাংলাদেশ'-এর উপযোগী ডিজিটাল কানেক্টিভিটি ও সংশ্লিষ্ট সেবা নিশ্চিতের দায়িত্বিও টেলিযোগাযোগ খাতের।

বর্তমানে দেশের টেলিযোগাযোগ/ডিজিটাল সংযোগ অবকাঠামো ও সেবা উন্নয়নের কার্যক্রম চাহিদা ও সরবরাহের সুষম সমন্বয়ের মাধ্যমে নিশ্চিত করা হচ্ছে। সরকারের প্রচেষ্টায় দেশের মোট টেলিফোন সংযোগ প্রায় ১৮.১ কোটি এবং ইন্টারনেট সংযোগ ১২.৪১ কোটিতে উন্নীত হয়েছে। দেশের বর্তমান টেলিডেনসিটি প্রায় ১০৬% এবং ইন্টারনেট ডেনসিটি প্রায় ৭৩%।

দেশে আন্তর্জাতিক ব্যান্ডউইডথ ব্যবহারের পরিমাণ বর্তমানে প্রায় ৪,৮০০ জিবিপিএস যা কোভিড-১৯ অতিমারি শুরুর সময় অর্থাৎ মার্চ ২০২০ মাসে ছিল ১,৬৩০ জিবিপিএস। এ পর্যন্ত অধিকাংশ ইউনিয়নে মোবাইল ব্রডব্যান্ডের পাশাপাশি অপটিক্যাল ফাইবার ভিত্তিক উচ্চগতির ইন্টারনেট সেবা বিস্তৃত হয়েছে। স্বল্পমূল্যে উচ্চগতির ইন্টারনেট সেবা প্রদানে সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়নে ইতোমধ্যেই সারাদেশে তারভিত্তিক ইন্টারনেটের একই রেট বাস্তবায়ন করা হয়েছে এবং ৫ এমবিপিএস ইন্টারনেট সংযোগের মূল্য মাসিক ৫০০ টাকা নির্ধারণ করা হয়েছে। দুর্গম ও প্রত্যন্ত অঞ্চলে টেলিযোগাযোগ ও ইন্টারনেট সেবা বিস্তৃতির লক্ষ্যে বাংলাদেশ ২০১৮ সালে বিশ্বের ৫৭তম দেশ হিসাবে দেশের প্রথম স্যাটেলাইট 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' উৎক্ষেপণ করে। এর মাধ্যমে টেলিযোগাযোগ সেবা প্রদানের পাশাপাশি টেলিভিশন চ্যানেলসমূহেরও সম্প্রচার করা হচ্ছে।

আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রে বাংলাদেশ দৃষ্টান্তমূলক সাফল্য লাভ করেছে। বর্তমানে বাংলাদেশে নিবন্ধিত মোবাইল আর্থিক সেবার অ্যাকাউন্টের সংখ্যা ১৮৭ মিলিয়নেরও বেশি যাদের মাধ্যমে দৈনিক প্রায় ৩,০০০ কোটি টাকার লেনদেন হয়ে থাকে। ব্যক্তি থেকে ব্যক্তি লেনদেন, বেতন বিতরণ, ইউটিলিটি বিল পেমেন্ট, মার্চেন্ট পেমেন্ট, সরকারী অর্থপ্রদান এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনীর পেমেন্টসমূহ ডিজিটাল আর্থিক পরিষেবার উপর ক্রমান্বয়ে নির্ভরশীল হয়েছে উঠছে। ইন্টারনেট সংযোগ এবং মোবাইল আর্থিক সেবার ব্যাপক বিস্তারের কারণে দেশে ই-কমার্স দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। দেশব্যাপী স্থাপিত ৮,৫০০টি ডিজিটাল ডাকঘরে তথ্যপ্রযুক্তিভিত্তিক সেবা প্রদানসহ ডাক বিভাগের ডিজিটাল আর্থিক সেবা 'নগদ'-এর বিস্তৃতি ও সেবার পরিধি বৃদ্ধি করা হয়েছে।

ডিজিটাল প্রযুক্তিপণ্য উৎপাদনে দেশকে স্বয়ংসম্পূর্ণ করতে দেশে অপটিক্যাল ফাইবার ও এইচডিপিই ডাক্ট এবং ল্যাপটপ, মোবাইল ফোন সেট, টেলিফোন সেট, এনার্জি মিটার ইত্যাদি যন্ত্রপাতি ও সরঞ্জাম উৎপাদন বৃদ্ধি পেয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে মাত্র ৪ ভাগ মোবাইল ফোন আমদানি করা হয়েছে, ৯৬ ভাগ হ্যান্ডসেট দেশেই সংযোজিত হয়েছে। দেশের মোবাইল সেট প্রস্তুতকারী ১৫টি প্রতিষ্ঠান ১৮% থেকে ৩০% পর্যন্ত স্থানীয় মূল্য সংযোজন করছে।

ভবিষ্যৎ অগ্রযাত্রায় ধারাবাহিক উনয়নের অংশ হিসাবে টেলিটকের মাধ্যমে ১২ ডিসেম্বর ২০২২ তারিখে 5G প্রযুক্তির পরীক্ষামূলক বাণিজ্যিক কার্যক্রম চালু করা হয়েছে। পাশাপাশি, ৫জি উপযোগী ট্রান্সমিশন সেবা নিশ্চিতে সরকার ইতোমধ্যেই একাধিক প্রকল্প গ্রহণ করেছে। আন্তর্জাতিক ব্যান্ডউইডথের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে ২০২৪ সালের মধ্যে দেশের তৃতীয় সাবমেরিন ক্যাবল SEA-ME-WE-6 সংযোগের লক্ষ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং বর্তমানে ক্যাবল স্থাপনের কাজ চলমান। ব্লু-ইকোনমিসহ স্যাটেলাইটভিত্তিক অ্যাপিকেশনসমূহের চাহিদা মেটাতে আর্থ অবজারভেটরি স্যাটেলাইট কন্সটেলেশন (বঙ্গবন্ধু স্যাটেলাইট-২) উৎক্ষেপণের কার্যক্রমও এগিয়ে চলছে।

ডিজিটাল নিরাপত্তা এবং অনলাইন সুরক্ষায় মোবাইল সেট নিবন্ধনসহ ক্ষতিকর কনটেন্ট ও অ্যাপিকেশন শনাক্ত, অনলাইনে গুজব ছড়ানো এবং সমাজ ও রাষ্ট্রের জন্য ক্ষতিকর সাইট ও কনটেন্টে বাংলাদেশ থেকে প্রবেশ বন্ধের লক্ষ্যে আইন ও বিধি প্রণয়নসহ প্রযুক্তিভিত্তিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পাশাপাশি ফেসবুক, গুগল, টুইটার ইত্যাদির ন্যায় অনলাইন সামাজিক মাধ্যম পরিচালনা প্রতিষ্ঠানসমূহের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করা হচ্ছে। উল্লেখ্য, আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন (আইটিইউ) কর্তৃক গত ২৯ জুলাই, ২০২১ তারিখে প্রকাশিত গোবাল সাইবার সিকিউরিটি ইনডেক্স (জিসিআই), ২০২০-এ বাংলাদেশ ২৫ ধাপ এগিয়ে ৫৩ তম অবস্থানে উন্নীত হয়েছে। জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক বিষয় বিভাগ (ইউএন ডিইএসএ) কর্তৃক প্রকাশিত ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট ইনডেক্স (ইজিডিআই)-এর ২০২২ সংস্করণে বাংলাদেশ ২০২০ সংস্করণের তুলনায় আট ধাপ এগিয়ে ১১১তম অবস্থানে উন্নীত হয়েছে। ইজিডিআই-এ বাংলাদেশ অনলাইন সার্ভিস, হিউম্যান ক্যাপিটাল এবং টেলিকমিউনিকেশন ইনফ্রাস্টাকচার এই তিন উপ-সূচকেই দৃশ্যমান অগ্রগতির স্বাক্ষর রেখেছে। এছাড়া ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের নেটওয়ার্ক রেডিনেস ইনডেক্সে (এনআরআই) ১৩১টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৮৮তম। সূচকটিতে বাংলাদেশের সবল দিক হিসেবে ইন্টারনেট ব্যবহারের হার, সাশ্রয়ী মূল্য, টেলিযোগাযোগ সেবায় বিনিয়োগ, ডিজিটাল লেনদেনে শহর ও গ্রামের বৈষম্য কমিয়ে আনা ইত্যাদিকে উল্লেখ করা হয়েছে এবং এ সংক্রান্ত উপ-স্তম্ভ 'অ্যাক্সেস'-এ বাংলাদেশের অবস্থান ৫৮তম।

আগামীর 'স্মার্ট বাংলাদেশ'-এ সমাজ ও অর্থনীতি সামগ্রিকভাবে ডিজিটাল যোগাযোগ ইকোসিস্টেমের উপর নির্ভর করবে। ৫জি, ক্লাউড কম্পিউটিং, কৃত্রিম বুদ্ধিমত্তা, বিগ ডাটা, ইন্টারনেট অব থিংস, থ্রিডি প্রিন্টিং, বকচেইন এবং সাইবার ফিজিক্যাল সিস্টেম এর ন্যায় প্রযুক্তি আত্তীকরণের মাধ্যমে কর্মসংস্কৃতি ও মানবসম্পদসহ প্রতিটি সেক্টরের সমস্ত মৌলিক উপাদানগুলির ডিজিটাল রূপান্তরের প্রয়োজন। আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবেলায় অবকাঠামো, সংযোগ, ডিজিটাল প্রযুক্তি ও প্রক্রিয়ার প্রচলন, যথাসময়ে প্রয়োজনীয় প্রযুক্তি আত্তীকরণ, টেলিযোগাযোগ খাতে জাতীয় সম্পদসমূহের অর্জন ও সুষ্ঠু বণ্টন এবং মান নিয়ন্ত্রণসহ ব্যবস্থাপনার জন্য নীতিমালা, পরিকল্পনা, আইন, পদ্ধতি, পরিচালনার মানদণ্ড, ডিজিটাল স্পেসে সুরক্ষা ও নিরাপত্তা বিধান, মানবসম্পদ উন্নয়ন এবং প্রাতিষ্ঠানিক কাঠামো সুসংহত করাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহে সুশাসন নিশ্চিত করতে সরকার বিস্তারিত পরিকল্পনা গ্রহণ করেছে যার প্রথম পাঁচ বছরে বাস্তবায়নযোগ্য অংশ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রতিফলিত হয়েছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, ২০৩০, প্রেক্ষিত পরিকল্পনা, ২০৪১ এবং স্মার্ট বাংলাদেশ উদ্যোগের লক্ষ্যসমূহ অর্জনে ভবিষ্যৎ পরিকল্পনার কৌশলগত ক্ষেত্রসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো- টেলিযোগাযোগ ও ডাক খাতের ডিজিটাল রূপান্তর; ৪র্থ শিল্প বিপ্লবের উপযোগী ডিজিটাল সংযোগ ও সেবা; ৫জি ও ফিউচার নেটওয়ার্ক অবকাঠামো সম্প্রসারণ; আভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ট্রান্সমিশন ক্যাপাসিটি বৃদ্ধি; মহাকাশ প্রযুক্তির কার্যকর ব্যবহার; ইন্টারনেট অব থিংস (আইওটি) ইকোসিস্টেম সৃষ্টি; ডিজিটাল সুরক্ষা, নিরাপত্তা এবং গোপনীয়তা রক্ষা; টেলিযোগাযোগ খাতে প্রমিত মান নিশ্চিত করা, ডিজিটাল দক্ষতার চাহিদা পূরণ এবং স্থানীয় উৎপাদন সক্ষমতা বৃদ্ধিতে গবেষণা ও উন্নয়ন কার্যক্রম জোরদারকরণ।

২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে স্মার্ট প্রযুক্তি নির্ভর উন্নত ও সমৃদ্ধিশালী দেশে পরিণত করতে টেলিযোগাযোগ খাতে সরকারের পরিকল্পনাসমূহের সফল বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। টেলিযোগাযোগ খাতে সরকারি ও বেসরকারি খাতের অবকাঠামো এবং পরিষেবা সরবরাহকারী, কন্টেন্ট ডেভেলপার, নেটওয়ার্ক যন্ত্রপাতি সরবরাহকারী, ডিভাইস ও সরঞ্জাম সংযোজনকারী ও আমদানিকারক, খুচরা বিক্রেতা, পরিবেশক, বিনিয়োগকারী, উচ্চশিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য বিভিন্ন অংশীজনদের মধ্যে সমন্বয়ের মাধ্যমে সকলের সম্মিলিত প্রচেষ্টায় মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নের 'রূপকল্প ২০৪১' এর লক্ষ্যসমূহ অর্জন নিশ্চিতভাবেই সম্ভব।

সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও
তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রথম আলো

'এক দেশ এক রেট' অমান্য করায় ৬৫ আইএসপিকে জরিমানা

নিজস্ব প্রতিবেদক
ঢাকা, প্রকাশ: ১০ অক্টোবর ২০২২, ২১:৪৫

কল ড্রপ ও ক্ষতিপূরণ নিয়ে বিটিআরসি আয়োজিত সংবাদ সম্মেলনফাইল ছবি : প্রথম আলো

সরকারের বেঁধে দেওয়া 'এক দেশ এক রেট' ইন্টারনেট ট্যারিফের অনুমোদন না নেওয়া এবং নির্ধারিত সময়ে আবেদন না করায় ৬৫টি ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠানকে (আইএসপি) জরিমানা করেছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। সোমবার ভিন্ন দুটি নির্দেশনায় বিটিআরসি এ কথা জানিয়েছে।

সূত্র: প্রথম আলো, ১০ অক্টোবর ২০২২।
https://www.prothomalo.com/bangladesh/m57j78ztss

সমকাল

অনলাইনে জুয়া: ৩৩১ ওয়েবসাইট বন্ধ করল বিটিআরসি

সমকাল প্রতিবেদক
প্রকাশ: ১০ অক্টোবর ২০২২, ১৯:২২/আপডেট: ১০ অক্টোবর ২২ / ১৯:২২

অনলাইনে জুয়া খেলার প্রবণতা দিন দিন বাড়ছে। বিভিন্ন ওয়েবসাইট ও অ্যাপসের মাধ্যমে দেশিয় ও আন্তর্জাতিক ফুটবল, ক্রিকেট ও টেনিস খেলাসহ বিভিন্ন লীগ ম্যাচকে ঘিরে প্রতি মুহূর্তে অনলাইনে অবৈধ জুয়া বা রাজি খেলা চলছে দেশ জুড়ে। আসক্ত হচ্ছে তরুণ-তরুণিরা। রমরমা জুয়ায় নিঃস্ব হয়ে যাচ্ছে হাজারো মানুষ এভং তাদের পরিবার। কয়েকটি অপরাধী চক্র এই সুযোগকে কাজে লাগিয়ে দেশ থেকে কোটি কোটি টাকা পাচার করছে। টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি) তথ্য মতে, অনলাইন জুয়াড়িরা বিকাশ, রকেট, নগদসহ বিভিন্ন মোবাইল ব্যাংকিংয়ে টাকা আদান প্রদান করে থাকে।

সূত্র: সমকাল, ১০ অক্টোবর ২০২২
https://samakal.com/bangladesh/article/2210135852/

নিউজ কর্ণার

সংক্ষেপে

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি কর্তৃক আয়োজিত সাইবার নিরাপত্তা বিষয়ক সেমিনারে অংশগ্রহণ

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি গত ৩১ অক্টোবর ২০২২ তারিখে তাদের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সাইবার নিরাপত্তা বিষয়ে একটি সেমিনার আয়োজন করে। সেমিনারে বক্তারা সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন বিষয় নিয়ে আলোচন করেন।

সেমিনারে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থীদের পাশাপাশি বিটিআরসি'র ডিজিটাল নিরাপত্তা সেলের কর্মকর্তাগণও অংশগ্রহণ করেন। বিটিআরসি'র মাননীয় চেয়ারম্যান সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এবং সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক মহোদয় আলোচক হিসাবে সেমিনারে অংশগ্রহণ করেন।

'এক দেশ এক রেট' অমান্য করায় ৬৫ আইএসপিকে জরিমানা

সরকারের বেঁধে দেওয়া 'এক দেশ এক রেট' ইন্টারনেট ট্যারিফের অনুমোদন না নেওয়া এবং নির্ধারিত সময়ে আবেদন না করায় ৬৫টি ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠানকে (আইএসপি) জরিমানা করেছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।

বিটিআরসির ২৬৭তম কমিশন সভায় এসব আইএসপিকে ৫০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে।

প্রশাসন বিভাগ

PTD
টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম সম্পর্কিত
গণশুনানি ২০২২

জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক গত ০৮ ডিসেম্বর, ২০২২ তারিখে চট্টগ্রামস্থ Raddison Blu Chattogram Bay View হোটেলে ''টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম'' শীর্ষক **"গণশুনানি-২০২২"** এর আয়োজন করা হয়।

গণশুনানি কমিটির সভাপতি ও বিটিআরসি চেয়ারম্যান (সিনিয়র সচিব) শ্যাম সুন্দর সিকদার এর সভাপতিত্বে অনুষ্ঠিত গণশুনানিতে স্বাগত বক্তব্য প্রদান করেন কমিশনের ভাইস-চেয়ারম্যান প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ। শুনানিতে গ্রাহকরা টেলিযোগাযোগ সেবা প্রাপ্তির ক্ষেত্রে যেসব সমস্যার সুম্মখীন হয়েছেন তা তুলে ধরেন এবং কমিশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তারা ক্রমান্বয়ে সব প্রশ্নের উত্তর দেন।



ডিজিটাল হাজিরা ব্যবস্থাপনা ও ভিজিটর ম্যানেজমেন্ট সিস্টেম চালু

কমিশনের সকল গ্রেডের কর্মচারীগণের ডিজিটাল হাজিরা ব্যবস্থাপনা ও কমিশনে আগত দর্শনার্থীগণকে যথাযথভাবে ব্যবস্থাপনার জন্য চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক Visitor Management System চালু করা হয়েছে। প্রশাসন বিভাগ হতে নিয়মিতভাবে এই সিস্টেমের মাধ্যমে সকল গ্রেডের কর্মচারীগণের ডিজিটাল হাজিরা প্রদানের বিষয়টি নিশ্চিত করা হয়ে থাকে। এছাড়াও, এই সিস্টেমটির মাধ্যমে কমিশনে আগত দর্শনার্থীগণ যেকোন সময়, যেকোন স্থান হতে কাঙ্খিত কর্মকর্তার অনুমোদিত সময় অনুযায়ী সাক্ষাত করে থাকেন।



নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা
(অক্টোবর - ডিসেম্বর, ২০২২)

কমিশনের নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভা গত ২০ ডিসেম্বর, ২০২২ তারিখ, ১২:০০ ঘটিকায় কমিশনের প্রধান সভা কক্ষে (কক্ষ নং-৭১১) চেয়ারম্যান (সিনিয়র সচিব) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উল্লেখ্য যে, উক্ত সভায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী বিটিআরসি কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) এর লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক আলোচনা করা হয়।

সিস্টেমস্ এন্ড সার্ভিসেস বিভাগ

সাইবার সচেতনতা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন

বিশ্বব্যাপী অক্টোবর মাসকে 'সাইবার নিরাপত্তা সচেতনতা মাস' হিসেবে পালন করা হয়। দেশের জনসাধারণের মধ্যে নিরাপদ ইন্টারনেট ও বিভিন্ন সাইবার অপরাধ সম্পর্কে সচেতনা বৃদ্ধির লক্ষ্যে বিটিআরসি কর্তৃক সরকারীভাবে প্রথমবারের মত 'সাইবার নিরাপত্তা সচেতনতা মাস' দিবসটি উদযাপন করা হয়। দিবসটিকে সামনে রেখে জনসাধারণের মাঝে সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনা সৃষ্টির লক্ষ্যে বিটিআরসি হতে মোবাইলফোনে সচেতনতামূলক খুদে বার্তা প্রেরণ করা হয় এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শতাধিক ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে দিনব্যাপী 'নিরাপদ ইন্টারনেট যুব কর্মশালা ২০২২' আয়োজন করা হয়। এছাড়া, জনসাধারণের মধ্যে নিরাপদ ইন্টারনেট ও বিভিন্ন সাইবার অপরাধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে 'অনলাইনে নিরাপদ থাকা সহজ' প্রতিপাদ্যকে সামনে রেখে "সাইবার সুরক্ষা-কি, কেন, কিভাবে বিষয়ক একটি সেমিনার গত ১৩ অক্টোবর ২০২২ তারিখে বিটিআরসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথির আসন অলংকৃত করেন জনাব মোস্তাফা জব্বার, মাননীয় মন্ত্রী, ডাক ও টেলিযোগযোগ বিভাগ। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিটিআরসি'র সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো: নাসিম পারভেজ।

Facebook (META) এবং Google (YouTube) এর সাথে কর্মশালা ও সমন্বয় সভা আয়োজন

গত ২৬ অক্টোবর ২০২২ তারিখে মেটা তথা ফেসবুকের দক্ষিণ এশিয়া অঞ্চলের পাবলিক পলিসি টিমের বিটিআরসি সফরকে সামনে রেখে ফেসবুকের এর কমিউনিটি স্ট্যান্ডার্ড, কনটেন্ট রিপোর্টিং প্রক্রিয়া এবং কার্যকরী সহযোগীতা শীর্ষক একটি কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় মেটার এশিয়া প্যাসিফিক পাবলিক পলিসি টিম, দেশের বিভিন্ন গোয়েন্দা সংস্থা, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তাগণের পাশাপাশি সরকারের বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের বিভিন্ন ক্ষতিকর কনটেন্ট কার্যকরীভাবে অপসারণের ক্ষেত্রে মেটার বিদ্যমান বিভিন্ন পলিসি, কমিউনিটি স্ট্যান্ডার্ড, রিপোর্টিং প্রক্রিয়া সংক্রান্ত বিষয়াদি বিশদভাবে উপস্থাপন করা হয়। একই সাথে বিভিন্ন দেশের কনটেন্ট রিপোর্টিং এর সাথে বিটিআরসি'র কনটেন্ট রিপোর্টিং এর মধ্যে তুলনামূলক পার্থক্যসহ কার্যকরী রিপোর্টিং-এর বিভিন্ন নমুনা দেখানো হয়।

এছাড়া, সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ইউটিউব এর কনটেন্ট রিপোর্টিং এন্ড ম্যানেজমেন্ট এর বিষয়ে গত ০৬ ডিসেম্বর ২০২২ তারিখে বিটিআরসি'র প্রধান সভাকক্ষে বিটিআরসির মাননীয় চেয়ারম্যান (সিনিয়র সচিব) মহোদয়ের সভাপতিত্বে বিটিআরসি, YouTube এর গভর্নমেন্ট অ্যাফেয়ার্স অ্যান্ড পাবলিক পলিসি টিম এবং আইন প্রয়োগকারী সংস্থা ও গোয়েন্দা সংস্থাসমূহের সাথে একটি ওয়ার্কশপ আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় YouTube এর কমিউনিটি গাইডলাইন, রিপোর্টিং প্রক্রিয়া, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীদের তদন্তের জন্য ডাটা প্রাপ্তির প্রক্রিয়াসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

বিটিআরসি ও বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (BIGF)-এর যৌথ উদ্যোগে 17th Bangladesh Internet Governance Forum (BIGF) ২০২২ আয়োজন

বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (BIGF) ও বিটিআরসি'র যৌথ উদ্যোগে বিগত ১০-১২ নভেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ইন্টারনেট বিশ্বের অংশীজনের অংশগ্রহণে 17th Bangladesh Internet Governance Forum (BIGF) ২০২২ আয়োজিত হয়। বিগত ১০ নভেম্বর তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি এবং বিআইজিএফ চেয়ারম্যান হাসানুল হক ইনু অনুষ্ঠানে সভাপতিত্বে শুরু হওয়া 17th Bangladesh Internet Governance Forum (BIGF) 2022 এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার মহোদয় এবং বিশেষ অতিথি হিসেবে কমিশনের চেয়ারম্যান মহোদয় উপস্থিত ছিলেন। উল্লেখ্য, Bangladesh Internet Governance Forum (BIGF) ইন্টারনেট সেবা, সেবা সংক্রান্ত জনসচেতনা বৃদ্ধি, ইন্টারনেটের সঠিক ব্যবহার ইত্যাদি সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত জাতি সংঘের একটি সংস্থা। এছাড়াও BIGF ডিজিটাল বাংলাদেশের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সরকারের সাথে কাজ করে থাকে।

ঢাকাস্থ CIRDAP International Conference Centre (CICC), Chameli House, 17 Topkhana Road.-এ তিন দিনব্যাপী আয়োজিত এবারের 17th Bangladesh Internet Governance Forum (BIGF) ২০২২-এ বিটিআরসি'র কর্মকর্তাগণসহ প্রায় ৪০০ (চারশত) জন ফেলো অংশগ্রহণ করেন। বর্ণিত আয়োজনে সর্বস্তরের তরুণদের অংশগ্রহণের মাধ্যমে আইওটি, ব্লকচেইন, ডাটা মাইনিং ও ডাটা গভর্নেন্স এর মতো এমার্জিং টেকনলোজি ব্যবহার করে গুড গভর্নেন্স, স্মার্ট সিটিজেন, স্মার্ট গভর্মেন্ট, স্মার্ট সোসাইটি ও স্মার্ট ইকোনমি প্রতিষ্ঠার মাধ্যমে ২০৪১ সালে বাংলাদেশকে সত্যিকারের স্মার্ট বাংলাদেশ হিসেবে বিশ্বে প্রতিষ্ঠা করার অভিপ্রায় ব্যক্ত করেন

বিটিআরসিতে দুর্যোগকালীন দূর্গত এলাকায় জরুরি টেলিযোগাযোগ সিস্টেম স্থাপন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

(প্রথম পৃষ্ঠার পর)

আর্মড ফোর্সেস ডিভিশনের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল হোসেন মোহাম্মদ মশিউর রহমান। কর্মশালায় সরকারি বিভিন্ন মন্ত্রণলায় ও সংস্থার প্রতিনিধি, সশস্ত্র বাহিনী, আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী, বিভিন্ন টেলিযোগাযোগ সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহ এবং এনজিও সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। কর্মশালার গ্রুপ ডিসকাশনে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা ও সুপারিশমালা উপস্থাপন করা হয়েছে।

কর্মশালায় মুল প্রবন্ধ উপস্থাপনা করেন বিটিআরসি'র সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাসিম পারভেজ। তিনি উল্লেখ করেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো তথ্যানুযায়ী ২০১৫ থেকে ২০২০ সাল পর্যন্ত বিভিন্ন দুর্যোগের কারণে বাংলাদেশের গড় বার্ষিক অর্থনৈতিক ক্ষতি জিডিপির প্রায় ১.৩২ শতাংশ এবং টাকার হিসাবে যা ১ লাখ ৭৯ হাজার ১৯৮ কোটি টাকা। এছাড়া, বন্যার কারণে ক্ষতিগ্রস্ত হয়েছিল তিন কোটি ৪১ লাখ মানুষ। বাসস্থান এবং অন্যান্য অবকাঠামোর ক্ষয়ক্ষতির পরিমাণ ১৩,২৩১ কোটি টাকা। তিনি আরো জানান, সাম্প্রতিক সময়ে সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনায় বন্যার কারণে মোবাইল অপারেটরদের প্রায় ৪৫ ভাগের বেশি বিটিএস সাইট (টাওয়ার) ডাউন তথা অচল হয়ে যায়।

সাম্প্রতিককালে দুর্যোগে নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা নিশ্চিতে টেলিযোগাযোগ সেবা প্রদানকারী সংস্থাসমূহ ও স্থানীয় প্রশাসনের ভূমিকা প্রশংসনীয় উল্লেখ করে বিশেষ অতিথির বক্তব্যে বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার বলেন, দুর্যোগ নিয়ন্ত্রণে যোগাযোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং কর্মশালায় উপস্থাপিত সুপারিশমালা জাতীয় জরুরি টেলিযোগাযোগ সিস্টেম বাস্তবায়নে কার্যকরী ভূমিকা পালন করবে।

দুর্যোগকালীন দুর্গত এলাকায় জরুরি টেলিকম সেবা স্থাপন অপরিহার্য উল্লেখ করে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব জনাব মো: খলিলুর রহমান, দুর্যোগের পূর্বাভাস, দুর্যোগ চলাকালীন তথ্য ও দুর্যোগ পরর্বর্তী উদ্যোগের বিষয়টি সমন্বিতভাবে করা গেলে ক্ষয়ক্ষতি হ্রাস হওয়ার পাশাপাশি পুনবার্সন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হবে।

প্রধান অতিথির বক্তব্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার বলেন, সাম্প্রতিক সময়ে সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলার বন্যার মত পরিস্থিতি যাতে ভবিষ্যতে পুনরাবৃত্তি না হয় সেজন্য টেকসই টেলিযোগাযোগ সিস্টেম স্থাপনে কার্যক্রম গ্রহণ করতে হবে। ব্রডব্যান্ড ইন্টারনেট এর ক্ষেত্রে "এক দেশ এক রেট" বাস্তবায়ন এর পর মোবাইল ইন্টারেনট এর ক্ষেত্রে একটি গ্রহণযোগ্য মূল্য নির্ধারণের কাজ চলছে জানিয়ে মন্ত্রী বলেন, জাতীয় দুর্যোগে টেলিযোগাযোগের গুরুত্ব অপরিসীম এবং কর্মশালার সুপারিশমালা জাতীয় জরুরি টেলিযোগাযোগ সিস্টেম বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের কমিশনার আবু সৈয়দ দিলজার হোসেন, স্পেকট্রাম বিভাগের কমিশনার প্রকৌঃ শেখ রিয়াজ আহমেদ, প্রশাসন বিভাগের মহাপরিচালক মো: দেলোয়ার হোসাইন, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো: এহসানুল কবীর, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের মহাপরিচালক আশীষ কুমার কুন্ডু উপস্থিত ছিলেন।

"টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম" শীর্ষক গণশুনানি

(প্রথম পৃষ্ঠার পর)

DIGITAL BANGLADESH
টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম সম্পর্কিত
গণশুনানি ২০২২

গণশুনানি আয়োজনের বিজ্ঞপ্তি প্রকাশের পর বিটিআরসি'র ওয়েবসাইটে নিবন্ধন করেছিলেন ৮৪৮ জন, এর মধ্যে সশরীরে ১৮২ জন, অনলাইনে ৯৪ জন এবং অন্যান্য ১৭ জন অংশ নেয়। ওয়েবসাইটের মাধ্যমে প্রেরিত প্রশ্নসমূহের মধ্যে মোবাইল অপারেটরদের দুর্বল নেটওয়ার্ক ও ইন্টারনেট স্পিড, বিভিন্ন প্যাকেজ (ভয়েস, ডাটা ব্যান্ডেল) এবং উহার মূল্য সম্পর্কে অভিযোগ ছাড়াও পে পার ইউজ, সাইবার অপরাধ, মোবাইল ফোনে হুমকি, ফেসবুক ব্যবহারে নিরাপত্তা, মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস, ফাইভ-জি, অ্যামেচার রেডিও সার্ভিস, মোবাইল নাম্বার পোর্টিবিলিটি, মোবাইল অপারেটরদের কলসেন্টারের মাধ্যমে সেবা সংক্রান্ত অভিযোগ এবং সংশ্লিষ্ট অন্যান্য টেলিকম সেবা প্রদানকারী লাইসেন্সিদের সেবা সম্পর্কিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত ছিল।

ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস্ বিভাগ

গত ২৪ অক্টোবর, ২০২২ খ্রিঃ ঘূর্ণিঝড় সিত্রাং চলাকালীন নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ নেটওয়ার্ক নিশ্চিতকরণে মনিটরিং সেল গঠন

বরিশালসহ দেশের দক্ষিণাঞ্চলীয় জেলাগুলোতে প্রবলবেগে ধেয়ে আসা ঘূর্ণিঝড় সিত্রাংয়ের প্রভাবে দেশের টেলিযোগাযোগ ব্যবস্থার সার্বিক পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ নেটওয়ার্ক নিশ্চিতকল্পে বিটিআরসি হতে একটি মনিটরিং সেল গঠন করা হয়। মনিটরিং সেলের সার্বক্ষণিক তত্ত্বাবধানে একইসাথে মোবাইল, এনটিটিএন, আইএসপি, আইআইজি, বিটিসিএলসহ সকল প্রতিষ্ঠানসমূহের সার্বিক প্রচেষ্টায় অচল সাইট, পয়েন্ট অব প্রেজেন্স (PoP) ও এক্সচেঞ্জসমূহ সচলকরণের কার্যক্রম পরিচালনা করা হয়।

গত ২৪ অক্টোবর, ২০২২ খ্রিঃ হতে ৩১ অক্টোবর, ২০২২ খ্রিঃ পর্যন্ত তথাপি সারাদেশের টেলিযোগাযোগ নেটওয়ার্ক পূর্বের ন্যায় স্বাভাবিক হবার পূর্ব পর্যন্ত সকল টেলিকম অপারেটরসমূহের নিজস্ব সেবা সংক্রান্ত হালনাগাদকৃত তথ্য বিটিআরসি'র মনিটরিং সেলের মাধ্যমে সংগ্রহ, প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ও সার্বিকভাবে পর্যবেক্ষণ করতঃ দৈনন্দিন প্রতিবেদন ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

মেট্রোরেল প্রকল্প উদ্বোধনকে কেন্দ্র করে মানসম্মত মোবাইল নেটওয়ার্ক নিশ্চিতকরণে মোবাইল অপারেটর কর্তৃক গৃহীত পদক্ষেপের সরেজমিনে পরিদর্শন কার্যক্রম পরিচালনা

২৮ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ এমআরটি লাইন-৬ এর আওতায় মেট্রোরেল প্রকল্প শুভ উদ্বোধনের দিন ধার্য করার প্রেক্ষিতে, মেট্রোরেল রুট বরাবর এবং অনুষ্ঠিতব্য জনসমাবেশ প্রাঙ্গণে মোবাইল অপারেটর কর্তৃক মানসম্মত ও উচ্চগতির মোবাইল নেটওয়ার্ক জরুরি ভিত্তিতে অতিদ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করতঃ বিটিআরসি হতে সকল মোবাইল অপারেটরের অনুকূলে পত্র প্রেরণ করা হয়। একইসাথে কার্যক্রমের অংশ হিসেবে মোবাইল অপারেটর কর্তৃক প্রয়োজনীয় কারিগরি নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ও সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে বিটিআরসি হতে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে পত্র জারি করা নির্দেশনা মোতাবেক সভাস্থল ও মেট্রো-রেল রুট বরাবর মানসম্মত টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে চারটি মোবাইল অপারেটর কর্তৃক অত্যাধুনিক প্রযুক্তির সংযোজন, আশেপাশের সাইটসমূহের ক্যাপাসিটি বৃদ্ধি ও অস্থায়ী মোবাইল/COW (Cell on Wheels) বিটিএস স্থাপনসহ নানাবিধ কারিগরি পদক্ষেপ গ্রহণ করা হয়। মানসম্মত মোবাইল নেটওয়ার্ক নিশ্চিতকরণে মোবাইল অপারেটরসমূহের গৃহীত পদক্ষেপ সরেজমিনে যাচাইয়ের নিমিত্ত পরিচালক, ইএন্ডও মহোদয়ের সভাপতিত্বে ০৩ (তিন) জনের একটি পরিদর্শন দল গঠনের মাধ্যমে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়। পরিদর্শনকালে চারটি অপারেটরের ডাটা স্পিড সংক্রান্ত তথ্য যাচাই-বাছাইসহ মানসম্মত টেলিযোগাযোগ নেটওয়ার্ক নিশ্চিতকরণে পরিদর্শন দল কর্তৃক অপারেটরদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।

কোয়ালিটি অব সার্ভিস বেঞ্চমার্কিং সিস্টেম এর বিভিন্ন বিষয়ে কারিগরি দক্ষতা অর্জনের জন্য প্রশিক্ষণ কার্যক্রম

বিটিআরসি'তে স্থাপিত নতুন ও অত্যাধুনিক কোয়ালিটি অব সার্ভিস বেঞ্চমার্কিং সিস্টেম এর বিভিন্ন বিষয়ে কারিগরি দক্ষতা অর্জন ও উক্ত সিস্টেম ব্যবহার করে ড্রাইভ-টেস্ট কার্যক্রম পরিচালনার সক্ষমতা অর্জনের জন্য ইএন্ডও বিভাগের কর্মকর্তাদের গত ০৪ নভেম্বর ২০২২ হতে ১৫ নভেম্বর ২০২২ পর্যন্ত দ্বিতীয় ধাপে প্রশিক্ষণ প্রদান করা হয়।

EMF Radiation এর মাত্রা পরিবীক্ষণ কার্যক্রম

সাম্প্রতিককালে টেলিযোগাযোগ যন্ত্রপাতি থেকে নিঃসৃত রেডিয়েশনের প্রভাব সম্পর্কে বিভিন্ন অপব্যাখ্যা ছড়িয়ে পড়ার প্রেক্ষিতে দেশের অনেক স্থানে মোবাইল টাওয়ার স্থাপনা বিঘ্নিত হচ্ছে। ফলে এসকল এলাকার জনগণ মানসম্মত টেলিযোগাযোগ সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছে। এ প্রেক্ষিতে বিটিআরসি হতে নিয়মিতভাবে দেশের বিভিন্ন স্থানের টেলিকম স্থাপনা হতে নিঃসৃত EMF Radiation এর মাত্রা পরিবীক্ষণ করা হয়। এ ধারাবাহিকতায় গত ২৩/১১/২০২২ এবং ২৪/১১/২০২২ তারিখে ঢাকা শহরের আগারগাঁও, তেজগাঁও, সংসদ ভবন, আদাবর ও মোহাম্মদপুর এলাকায় স্থাপিত মোবাইল ফোন টাওয়ার হতে নিঃসৃত EMF Radiation এর মাত্রা পরিবীক্ষণ করা হয়। পরীক্ষালব্ধ তথ্য-উপাত্তের তুলনামূলক বিশ্লেষণ করে দেখা যায় যে, উক্ত স্থানসমূহে EMF Radiation এর মাত্রা গ্রহণযোগ্য সীমার চেয়ে অনেক কম রয়েছে। ফলে ITU, WHO এবং ICNIRP এর মানদন্ড অনুযায়ী তা জনস্বাস্থ্য কিংবা পরিবেশের জন্য ক্ষতিকর নয়।

স্পেক্ট্রাম বিভাগ

গ্রামীণফোন লিঃ এর অনুকূলে বরাদ্দকৃত (৯০০ মেঃ হাঃ , ১৮০০ মেঃ হাঃ ও ২১০০ মেঃ হাঃ ব্যান্ড) তরঙ্গে প্রতিবন্ধকতা নিরসনে বিটিআরসি কর্তৃক গৃহীত পদক্ষেপ

গ্রামীণফোন লিঃ এর অনুকূলে বরাদ্দকৃত তরঙ্গে (৯০০ মেঃ হাঃ, ১৮০০ মেঃ হাঃও ২১০০ মেঃ হাঃ ব্যান্ড) ২২/১১/২০২২ তারিখে ঢাকাস্থ ডিওএইচএস বনানী এলাকায় সৃষ্ট প্রতিবন্ধকতা নিরসনের নিমিত্ত পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। বিটিআরসি'র হ্যান্ডহেল্ড ডিভাইস NARDA IDA-2 দ্বারা Direction Finding করে দেখা যায় ডিওএইচএস বনানী এর আশপাশের বিভিন্ন বাসা বাড়ীর ছাদে স্থাপিত Repeater/ Booster এর কারণে interference হচ্ছে, যা বিটিআরসি'র পরিবীক্ষণ দল কর্তৃক সনাক্ত করা হয়েছে এবং ডিওএইচএস এলাকায় বসবাসরত বাসিন্দাদের অনুমোদন বিহীন এসব রিপিটার/নেটওয়ার্ক বুস্টার ব্যবহার হতে বিরত থাকার বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ড ও ডিওএইচএস পরিষদকে জানিয়ে পত্র প্রেরণ করার পাশাপাশি অবৈধ রিপিটার/নেটওয়ার্ক বুষ্টার বিটিআরসিতে জমা প্রদানের জন্য ব্যবহারকারী প্রতিষ্ঠান/ব্যাক্তি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

বিটিআরসি কর্তৃক বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন লিঃ এর অনুকূলে বরাদ্দকৃত (৯০০ মেঃ হাঃ, ১৮০০ মেঃ হাঃ ও ২১০০ মেঃ হাঃ ব্যান্ড) তরঙ্গে প্রতিবন্ধকতা নিরসন

বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন লিঃ এর অনুকূলে বরাদ্দকৃত তরঙ্গে (৯০০ মেঃ হাঃ, ১৮০০ মেঃ হাঃও ২১০০ মেঃ হাঃ ব্যান্ড) ১৫/১১/২০২২ তারিখে ঢাকাস্থ নিকুঞ্জ-০২ এলাকায় সৃষ্ট প্রতিবন্ধকতা নিরসনের নিমিত্ত পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। বিটিআরসি'র হ্যান্ডহেল্ড ডিভাইস NARDA IDA-2 দ্বারা Direction Finding করে দেখা যায় নিকুঞ্জ-০২ এর আশপাশের বিভিন্ন বাসা বাড়ীর ছাদে স্থাপিত Repeater/Booster এর কারণে interference হচ্ছে, যা বিটিআরসি'র পরিবীক্ষণ দল কর্তৃক জব্দ করা হয়েছে।

লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ

লিগ্যাল শাখা

কমিশনের লিগ্যাল শাখা কর্তৃক আইন বিষয়ক সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করাসহ দেশের সর্বোচ্চ আদালত সুপ্রীমকোর্টসহ বিভিন্ন আদালতে কমিশনের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনা এবং কমিশনের নিযুক্ত তদন্তকারী কর্মকর্তা কর্তৃক তদন্ত সমাপ্তীয়ান্তে বিজ্ঞ আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়ে থাকে। তৎপ্রেক্ষিতে, গত তিন মাসের (অক্টোবর- ডিসেম্বর), ২০২২ কমিশনের লিগ্যাল এন্ড লাইসেন্স বিভাগের লিগ্যাল শাখা সংশ্লিষ্ট প্রকাশযোগ্য গুরুত্বপূর্ণ অগ্রগতি ও অর্জনের সারসংক্ষেপঃ

১। বিটিআরসি'র দায়েরকৃত তদন্তাধীন মামলার মধ্যে বিগত তিন মাসে (অক্টোবর-ডিসেম্বর) কমিশনের তদন্তকারী কর্মকর্তা কর্তৃক তদন্ত সমাপ্তীয়ান্তে ০৭ (সাত) টি মামলার তদন্ত প্রতিবেদন বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে।

২। কমিশনের পক্ষে/ বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ দ্রুত নিস্পত্তির লক্ষ্যে কমিশন কর্তৃক নিযুক্ত আইনজীবীগণকে সময় সময়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হচ্ছে।

৩। বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, পরিদপ্তর কর্তৃক প্রেরিত যাচিত আইনগত মতামত প্রদান।

৪। কমিশনের লিগ্যাল শাখার কর্মকর্তা কর্তৃক বিশেষতঃ অর্থ আদায় সংক্রান্ত মামলার শুনানিতে বিজ্ঞ আদালতে উপস্থিত থেকে অংশগ্রহণ, লিখিত জবাব দাখিল এবং অন্যান্য মামলা দ্রুত নিস্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।

ছবিঃ যুক্তরাষ্ট্রে কমিশনের বিরুদ্ধে দায়েরকৃত মামলার অগ্রগতি ও করণিয় সম্পর্কে কমিশনার (এলএল) মহোদয় কর্তৃক আইনজীবী জনাব ব্যারিস্টার মঈন গণিকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান সভার স্থির চিত্র।

লাইসেন্সিং শাখা

আইএসপি লাইসেন্স সংক্রান্ত

সরকারের অনুমোদনের পরিপ্রেক্ষিতে আইএসপি লাইসেন্স নবায়ন এবং কনভার্সনের কার্যক্রম চলমান রয়েছে। তারই ধারাবাহিকতায় উপজেলা/থানা এবং ডিভিশনাল লাইসেন্স প্রদান করা হয়েছে।

লাইসেন্স সংখ্যা

অত্র কমিশন ২৭ টি ক্যাটাগরিতে বিভিন্ন মেয়াদে লাইসেন্স প্রদান করে। অদ্যাবধি কমিশন হতে ৩,৪১২ টি লাইসেন্স ইস্যু করা হয়েছে। ন্যাশনওয়াইড, ডিভিশনাল, ডিস্ট্রিক্ট এবং উপজেলা/ থানা ক্যাটাগরির ভিত্তিতে নতুন লাইসেন্স প্রদান করা হয়। আইএসপি লাইসেন্সিং গাইডলাইন জারির পর কনভার্সনসহ ন্যাশনওয়াইড, ডিভিশনাল, ডিস্ট্রিক্ট এবং উপজেলা/থানা সর্বমোট ২৮৪৯ টি আইএসপি লাইসেন্স প্রদান করা হয়েছে।

অন্যান্য কার্যক্রমের সচিত্র বিবরণঃ

➢ লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের কমিশনার (এলএল), মহাপরিচালক (এলএল), পরিচালক (লিগ্যাল) এবং পরিচালক (লাইসেন্সিং) সহ অন্যান্য কর্মকর্তাগণের মধ্যে ইংরেজি নববর্ষের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান।

➢ বিটিআরসি'র মহাপরিচালক (এল এল), উপ-পরিচালক (লাইসেন্সিং) এবং সিনিয়র সহকারী পরিচালক (লাইসেন্সিং) কর্তৃক Speedo Communication নামক উপজিলা/থানা পর্যায়ের কনভার্সন লাইসেন্স হস্তান্তর।

➢ পরিচালক (লাইসেন্সিং) ও সিনিয়র সহকারী পরিচালক (লাইসেন্সিং) কর্তৃক Chittagong Telecom Service ltd. নামক Divisional ISP লাইসেন্স প্রদান করা হয়েছে।

➢ বিটিআরসি'র মহাপরিচালক (এল এল) ও পরিচালক (লাইসেন্সিং) কর্তৃক Skyline Broadband নামক উপজিলা/ থানা পর্যায়ের কনভার্সন লাইসেন্স প্রদান করা হয়।

অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ

টেলিযোগাযোগ আইন-২০০১ দ্বারা সৃষ্ট বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে দেশের টেলিযোগাযোগ সেক্টরের নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসি সরকারের পক্ষে সর্বোচ্চ নন-ট্যাক্স রেভিনিউ আহরণ করে আসছে। চলতি ২০২২-২৩ অর্থবছরে অক্টোবর-ডিসেম্বর, ২০২২ এ কমিশন ৮৭৮,৯৬,৫৭২২৮.২৬ (আটশত আটাত্তর কোটি ছিয়ানব্বই লক্ষ সাতান্ন হাজার দুইশত আটাশ দশমিক ছাব্বিশ) টাকা রাজস্ব আদায় করেছে। এছাড়া চলতি ২০২২-২৩ অর্থবছরের অক্টোবর-ডিসেম্বর, ২০২২ এ বিটিআরসি ৮৫০ কোটি টাকা সরকারি কোষাগারে উদ্বৃত্ত রাজস্ব আয় হিসেবে জমা প্রদান করেছে।

চিত্রঃ কমিশনার মহোদয় যোগদানের পর অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের সহিত মতবিনিময় সভা।

টেলিযোগাযোগ আইন-২০০১ এর ধারা ৯-১২ অনুযায়ী কমিশনে গত ১১/১২/২০২২খ্রিঃ তারিখে ড. মুশফিক মান্নান চৌধুরী কমিশনার হিসেবে যোগদান করে গত ১৫/১২/২০২খ্রিঃ তারিখে অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের দায়িত্বপ্রাপ্ত হন। কমিশনার মহোদয় যোগদানের পর গত ১৮/১২/২০২২ খ্রিঃ তারিখে অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের পরিচালক স্যার, উপ-পরিচালকবৃন্দসহ সকল কর্মকর্তা/কর্মচারীদের সহিত একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিশনার মহোদয় অত্র বিভাগের অটোমেশন এবং সরকারের রাজস্ব আহরণে কিভাবে অতি কম সময়ে সুচারুভাবে কার্য সম্পাদন করা যায়, সে বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করেন।

এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট

কমিশনের এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট হতে বিভিন্ন লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানে পরিচালিত পরিদর্শনের বিবরণ

ক্রমিক নং	লাইসেন্সের ক্যাটাগরি	পরিদর্শনের সংখ্যা	ক্রমিক নং	লাইসেন্সের ক্যাটাগরি	পরিদর্শনের সংখ্যা
০১	টিভ্যাস (TVAS)	০৩টি	০৫	কলসেন্টার (Call-Center)	০৪টি
০২	মোবাইল অপারেটর	০১টি	০৬	আইপিটিএসপি (IPTSP)	০৫টি
০৩	আইএসপি (ISP)	০৮টি	০৭	নিক্স (NIX)	০১ টি
০৪	আইআইজি (IIG)	০১টি	০৮	এনটিটিএন	০১ টি

উল্লেখ্য যে, ১ অক্টোবর হতে ৩১ ডিসেম্বর'২০২২ পর্যন্ত সময়কালে ISP লাইসেন্সপ্রাপ্ত ০২টি প্রতিষ্ঠানকে সর্বমোট ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা প্রশাসনিক জরিমানা ও TVAS রেজিস্ট্রেশন সার্টিফিকেটপ্রাপ্ত ০৩টি প্রতিষ্ঠানকে সর্বমোট ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা প্রশাসনিক জরিমানা আরোপ করা হয়। এছাড়া TVAS রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রাপ্ত ০৩টি প্রতিষ্ঠানের নিকট কমিশনের বকেয়া রাজস্ব বাবদ ৪,১৬,১৯,০৮২/ (চার কোটি ষোল লক্ষ উনিশ হাজার বিরাশি) টাকা পাওনা রয়েছে। প্রসঙ্গত, গত ২৯-১২-২০২২ খ্রিঃ তারিখে Altruist Technologies Limited নামক TVAS রেজিস্ট্রেশন সার্টিফিকেটপ্রাপ্ত প্রতিষ্ঠান কমিশনের পাওনা বকেয়া রাজস্ব বাবদ ২,৩৭,০৩,১৯৫/-(দুই কোটি সাঁইত্রিশ লক্ষ তিন হাজার একশত পঁচানব্বই) টাকা পরিশোধ করেছে।

বিটিআরসি'র অনুমোদনহীন, নকল ও রাজস্ব ফাঁকি দিয়ে আমদানি করা অবৈধ মোবাইলফোন হ্যান্ডসেট/ওয়াকি-টকি/জ্যামার/বুস্টার/রিপিটার সরবরাহ/বিক্রয় প্রতিহত করার লক্ষ্যে কমিশনের ইএন্ডআই ডিরেক্টরেট কর্তৃক পরিচালিত অভিযানঃ

পরিচালিত অভিযানের সংখ্যা	জব্দকৃত মালামাল	দায়েরকৃত মামলার সংখ্যা	ধৃত আসামীর সংখ্যা
৬টি	মোবাইলফোন হ্যান্ডসেট-২৭৩টি (একই সাথে ২৯৫ টি সিমবেইজ টেলিফোন সেট) জব্দ করা হয়। ওয়াকি-টকি-০২টি সেট টপ বক্স-০১ টি এলএনবি ১২ আউটডোর এবং ইনডোর এন্টেনা- ৩টি	৪টি	৩ জন

বরিশাল হতে পটুয়াখালী ও আমতলী (বরগুনা) হয়ে কুয়াকাটা সাবমেরিন ক্যাবল স্টেশন পর্যন্ত এনটিটিএন অপারেটর বাহন লিমিটেড কতৃক ভূগর্ভস্থ অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক স্থাপন কার্যক্রম সরজমিনে পরিদর্শন

গত ০৯-১১-২০২২ খ্রিঃ তারিখ বরিশাল হতে পটুয়াখালী ও আমতলী (বরগুনা) হয়ে কুয়াকাটা সাবমেরিন ক্যাবল স্টেশন পর্যন্ত এনটিটিএন অপারেটর বাহন লিমিটেড কর্তৃক ভূগর্ভস্থ অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক স্থাপন কার্যক্রম কমিশনের ইএন্ডআই ডিরেক্টরেটের ০৪ (চার) জন পরিদর্শকের সমন্বয়ে গঠিত পরিদর্শন দল সরেজমিনে পরিদর্শন করে। পরিদর্শন কার্যক্রম শুরুর পূর্বেই বাহন লিমিটেড ও অপর এনটিটিএন অপারেটর সামিট কমিউনিকেশন এর প্রতিনিধিগণকে পূর্বে স্থাপিত ফাইবার নেটওয়ার্ক এর ক্ষতিগ্রস্ত অংশ এবং বাহন কতৃক পুনরায় মেরামতকৃত অংশের স্থানে উপস্থিত থাকার জন্য নির্দেশনা দেওয়া হয়। নির্দেশনা অনুযায়ী সরজমিনে পরিদর্শনকালে পরিদর্শন দলের সাথে সামিট কমিউনিকেশন ও বাহন লিমিটেডের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। উক্ত পরিদর্শনে প্রাপ্ত বিষয়ে এনটিটিএন অপারেটরদের প্রতি সাধারণ নির্দেশনা জারির বিষয়ে সুপারিশ করা হয়।

Telecom Value Added Service (TVAS) সংক্রান্ত বিষয়ে কমিশনের বিভিন্ন বিভাগ /ডিরেক্টরেটে/শাখার মধ্যে অনুষ্ঠিত সমন্বয় সভা

কমিশনের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে গত ২৬ অক্টোবর' ২০২২ খ্রিঃ তারিখে দুপুর ০২:০০ ঘটিকায় Telecom Value Added Service (TVAS) সংক্রান্ত বিষয়ে কমিশনের বিভিন্ন বিভাগ/ডিরেক্টরেটে/শাখার মধ্যে সমন্বয় সাধনের লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। TVAS কার্যক্রমের সাথে কমিশনের এলএল, অর্থ, হিসাব ও রাজস্ব, ইএন্ডও এবং এসএস বিভাগ জড়িত। এছাড়া ইএন্ডআই ডিরেক্টরেটও TVAS সংক্রান্ত কার্যক্রমের সাথে সংশ্লিষ্টতা রয়েছে। এই সকল বিভাগ/ ডিরেক্টরেট/ শাখা এর মধ্যে সমন্বয় সাধন করাই এই সভার মূল উদ্দেশ্য মর্মে কমিশনের চেয়ারম্যান মহোদয় উল্লেখ করেন। এছাড়া জনাব ড. শামসুজ্জোহা TVAS এর অপারেশনাল এবং অন্যান্য বিষয়ে কিছু তথ্য উপস্থাপন করেন। পরবর্তীতে, এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেটের পরিচালক জনাব এম. এ. তালেব হোসেন ইএন্ডআই ডিরেক্টরেট হতে পরিচালিত TVAS প্রতিষ্ঠানসমূহে পরিদর্শনকালে প্রাপ্ত কতিপয় ব্যত্যয় তুলে ধরেন। এ সকল ব্যত্যয়সমূহ দূর করার জন্য এবং TVAS প্রতিষ্ঠানের অন্যান্য জটিলতা/সমস্যা নিরসনের লক্ষ্যে কমিশনের বিভিন্ন বিভাগ/ডিরেক্টরেট/শাখার মধ্যে সমন্বয়ের বিষয়ে সভায় উপস্থিত কমিশনার মহোদয়গণ, মহাপরিচালক মহোদয়গণ, পরিচালক মহোদয়গণ একমত পোষণ করেন।

Telecom Value Added Service (TVAS) সংক্রান্ত বিষয়ে কমিশনের বিভিন্ন বিভাগ/ডিরেক্টরেটে/শাখার মধ্যে সমন্বয় সভার আলোকচিত্র।

নিয়মিত অভিযান

কমিশনের ইএন্ডআই ডিরেক্টরেট কর্তৃক Dhaka Elevated Expressway সাইটে অবৈধ ওয়াকিটকি ব্যবহার বন্ধের নিমিত্ত পরিচালিত অভিযানের আলোকচিত্র।

অবৈধ কলসেন্টারের বিরুদ্ধে কমিশনের ইএন্ডআই ডিরেক্টরেট কর্তৃক পরিচালিত অভিযানের আলোকচিত্র।

নাম : মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন
পদবী : প্রটোকল সহকারী
বিভাগ : প্রশাসন

বিটিআরসি'র শ্রেষ্ঠ কর্মচারি (অক্টোবর-ডিসেম্বর, ২০২২)

কমিশনের দৈনন্দিন কর্মকান্ডকে আরো গতিশীল করার লক্ষে ১১-১৬ তম এবং ১৭-২০ তম গ্রেডের কর্মচারিদের "ত্রৈমাসিক কর্মমূল্যায়ন" পর্যালোচনা সাপেক্ষে ০২ (দুই) জনকে সেরা কর্মচারি হিসেবে নির্বাচন করা হয়। কমিশনের প্রশাসন বিভাগের জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন কে (১১-১৬ তম গ্রেড) এবং চেয়ারম্যান মহোদয়ের দপ্তরের অফিস সহায়ক জনাব মোঃ সোহেল আহমেদ কে (১৭-২০ তম গ্রেড) অক্টোবর-ডিসেম্বর, ২০২২ এর সেরা কর্মচারি হিসেবে মনোনীত করা হয়।

নাম : মোঃ সোহেল আহমেদ
পদবী : অফিস সহায়ক
বিভাগ : চেয়ারম্যান মহোদয়ের দপ্তর

টুকরো খবর

চিত্র: কমিশনে নবযোগদানকৃত ভাইস-চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ, কমিশনার প্রকৌশলী শেখ রিয়াজ আহমেদ ও ড. মুশফিক মান্নান চৌধুরীকে সাথে নিয়ে বিটিআরসির চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার এর নেতৃত্বে জাতির পিতার প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা জ্ঞাপন। (ধানমন্ডি-৩২, ঢাকা, ১১ ডিসেম্বর ২০২২)।

চিত্র: কমিশনের নবযোগদানকৃত কমিশনার প্রকৌশলী শেখ রিয়াজ আহমেদকে ফুলেল শুভেচ্ছা জানান বিটিআরসি'র চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ (বিটিআরসি, ঢাকা, ১৮ অক্টোবর ২০২২)।

চিত্র: সারাদেশে ফিক্সড ব্রডব্যান্ড ইন্টারনেটের সেবার জন্য বৈষম্যহীন 'এক দেশ এক রেট' ট্যারিফ প্রবর্তনের স্বীকৃতি হিসেবে 'এনভায়রনমেন্টাল, সোশ্যাল অ্যান্ড গভর্নেন্স' ক্যাটাগরিতে অ্যাসোসিও-২০২২ পুরস্কার অর্জন করেছে বাংলাদেশ। এশিয়া-ওশেনিয়া অঞ্চলে তথ্যপ্রযুক্তি খাতে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি হিসেবে এশিয়ান-ওশেনিয়ান কম্পিউটিং ইন্ডাস্ট্রি অর্গানাইজেশন (অ্যাসোসিও) এ পুরস্কার দিয়ে থাকে। (বিটিআরসি, ঢাকা, ০৭ নভেম্বর ২০২২)।

চিত্র: সারা দেশে ব্রডব্যান্ড ইন্টারনেট ট্যারিফ 'এক দেশ এক রেট' বাস্তবায়নের জন্য এশিয়ান-ওশেনিয়ান কম্পিউটিং ইন্ডাস্ট্রি অর্গানাইজেশন (অ্যাসোসিও-ASOCIO) পুরস্কার ২০২২ অর্জন করায় বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদারকে ফুলেল শুভেচ্ছা জানান বাংলাদেশ কম্পিউটার সমিতির সাবেক সভাপতি ও অ্যাসোসিও-অ্যাওয়ার্ড কমিটির চেয়ারম্যান আবদুল্লাহ এইচ কাফি, BACCO এর সভাপতি ওয়াহিদ শরীফ, সাধারণ সম্পাদক তৌহিদ হোসেন ও যুগ্ম সাধারণ সম্পাদক তানজিরুল বাশার (বিটিআরসি, ঢাকা, ০৭ নভেম্বর ২০২২)।

চিত্র: বিটিআরসির নবযোগদানকৃত ভাইস-চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদকে ফুলেল শুভেচ্ছা জানান কমিশনের চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার। এসময় কমিশনের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (বিটিআরসি, ঢাকা, ০১ নভেম্বর ২০২২)।

চিত্র: কমিশনের নবযোগদানকৃত কমিশনার ড. মুশফিক মান্নান চৌধুরীকে ফুলেল শুভেচ্ছা জানান কমিশনের চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার। এসময় কমিশনের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (বিটিআরসি, ঢাকা, ০১ নভেম্বর ২০২২)।

চিত্র: টেলিযোগাযোগ সংক্রান্ত সমসাময়িক বিষয়ে বেসরকারি টেলিভিশন "এনটিভি"-তে এ সাক্ষাৎকার প্রদান করেন বিটিআরসি'র ভাইস-চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ (বিটিআরসি, ঢাকা, ১২ ডিসেম্বর ২০২২)।

চিত্র: মোবাইল ফোন অপারেটর রবি আজিয়াটা লিমিটেড এর নতুন সিইও রাজীব শেঠি বিটিআরসি'র চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার এর সাথে সৌজন্য সাক্ষাত করেন (বিটিআরসি, ঢাকা, ০৬ নভেম্বর ২০২২)।

সম্পাদনা পরিষদ

সম্পাদনায় : জনাব মোঃ নূরুল হাফিজ, সচিব, বিটিআরসি
সহ-সম্পাদনা : জনাব মোঃ জাকির হোসেন খাঁন, উপ-পরিচালক, বিটিআরসি

আলোকচিত্র ও ডিজাইন : জনাব এমরান হোসেন গাজী, আলোকচিত্রী, বিটিআরসি
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

উপদেষ্টা পরিষদ

প্রধান উপদেষ্টা : জনাব শ্যাম সুন্দর সিকদার, চেয়ারম্যান (সিনিয়র সচিব)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।

উপদেষ্টামন্ডলী : প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ, ভাইস-চেয়ারম্যান, বিটিআরসি।
জনাব আবু সৈয়দ দিলজার হোসেন, কমিশনার, বিটিআরসি।
প্রকৌশলী শেখ রিয়াজ আহমেদ, কমিশনার, বিটিআরসি।
ড. মুশফিক মান্নান চৌধুরী, কমিশনার, বিটিআরসি।